



স্মারক নং- ১২৯/আঃঅনুঃ

তারিখঃ ১৯/১১/২০১৭

## ভর্তি বিজ্ঞপ্তি

বি-ইউনিট (আইন অনুষদ)-এর আইন বিভাগ এবং আইন ও ভূমি প্রশাসন বিভাগের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের ১ম বর্ষ এলএলবি (সম্মান) ভর্তি পরীক্ষায় প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের সাক্ষাতকার গ্রহণ শেষে চূড়ান্ত মেধা ও অপেক্ষমান তালিকা প্রদান করা হলো। বি-১ ও বি-২ উভয় রোল-এর মেধা তালিকার মেধাক্রম: ১-৮০ পর্যন্ত প্রার্থীদের আগামী ০৩/১২/২০১৭ তারিখ হতে ১০/১২/২০১৭ তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশিত অনলাইনে ভর্তির পদ্ধতি অনুযায়ী অবশ্যই ভর্তি হতে হবে। আসন শূন্য থাকা সাপেক্ষে ১২/১২/২০১৭ তারিখ হতে ১৯/১২/২০১৭ তারিখ পর্যন্ত মেধাক্রম অনুযায়ী বি-১ ও বি-২ উভয় গ্রুপের প্রথম অপেক্ষমান তালিকা থেকে ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে। আসন শূন্য থাকা সাপেক্ষে ২১/১২/২০১৭ তারিখ থেকে ২৭/১২/২০১৭ তারিখ পর্যন্ত যথাক্রমে ২য় অপেক্ষমান তালিকার বি-১ ও বি-২ উভয় গ্রুপের মেধাক্রম অনুযায়ী ছাত্র-ছাত্রীকে ভর্তি করা হবে।

উল্লেখ্য, বিভাগদ্বয়ে ভর্তিকৃত পরীক্ষার্থীরা মাইগ্রেশন-এর আওতায় তাদের প্রদত্ত বিষয় পছন্দক্রম (যা পরীক্ষার্থী কর্তৃক ইতোমধ্যে অনলাইনে পূরণকৃত) অনুযায়ী আসন শূন্য থাকা সাপেক্ষে ক্রমান্বয়ে পছন্দকৃত বিভাগে ভর্তির সুযোগ পাবে।

অনলাইনে পূরণকৃত প্রিন্টেড ভর্তি ফরমে স্বাক্ষর করে আইন অনুষদ দপ্তরে জমা দেয়ার সময় প্রত্যেক পরীক্ষার্থীকে **A4 সাইজের একটি খামের উপরে** পরীক্ষার্থীর নাম, শিক্ষাবর্ষ, ভর্তি পরীক্ষার রোল নম্বর, বিভাগের নাম, ক্লাস রোল নম্বর/স্টুডেন্ট আইডি নম্বর এবং মোবাইল নম্বর লিখে নিম্নোক্ত কাগজপত্রসহ (পরীক্ষার্থী নিজে উপস্থিত থেকে) জমা দিতে হবেঃ

- অনলাইনে পূরণকৃত ভর্তি ফরমের প্রিন্ট করা দুই কপি (পরীক্ষার্থীর স্বাক্ষরসহ A4 সাইজ অফসেট কাগজে);
- এস.এস.সি/সমমান পরীক্ষার মূল সার্টিফিকেট ও মূল মার্কসীট;
- এইচ.এস.সি/ সমমান পরীক্ষার মূল মার্কসীট;
- এইচ.এস.সি/ সমমান পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড;
- ভর্তি পরীক্ষার প্রবেশপত্র (পরীক্ষার হল পরিদর্শক কর্তৃক ও সাক্ষাৎকার বোর্ডের আহ্বায়ক/ সদস্য স্বাক্ষরিত Candidate Copy);

পরীক্ষার্থী কর্তৃক প্রদত্ত তথ্যাবলীতে কোনরূপ অসংগতি পরিলক্ষিত হলে তার ভর্তি বাতিল করা হবে।

প্রকাশিত ফলাফলে কোন ত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধন/বাতিল করার ক্ষমতা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের থাকবে।

(আবু নাসের মো. ওয়াহিদ)  
চীফ কো-অর্ডিনেটর  
১ম বর্ষ (সম্মান) ভর্তি পরীক্ষা-২০১৭-১৮  
বি-ইউনিট (আইন অনুষদ)  
ও  
ডীন  
আইন অনুষদ  
রাজশাহী বিশ্ববিদ্যালয়।